


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি
নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫।
www.latc.gov.bd

বিজ্ঞপ্তি

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ১৯/০৫/২০২৬ তারিখের ৩১.০৪.০০০০.০০০.১১.০০১.২০২৪-২৭৭ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির [সহকারী লাইব্রেরিয়ান (১১তম গ্রেড)-০১টি, স্টাটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (১৪তম গ্রেড)-০১টি, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬তম গ্রেড)-০১টি ও অফিস সহায়ক (২০তম গ্রেড)-০২টি মোট ০৫টি] লিখিত পরীক্ষা আগামী ২৬/০৬/২০২৬ তারিখ শুক্রবার সকাল ১০:০০টায় অগ্রণী স্কুল এন্ড কলেজ, আজিমপুর, ঢাকায় অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্য অনলাইন (www.latc.gov.bd) এবং (<http://latc.teletalk.com.bd>) এ পাওয়া যাবে।


২৬/০৬/২০২৬
(খান এ. সবুর খান)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

ও

সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনাবলী

- ০১) এই প্রবেশপত্র লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।
- ০২) প্রত্যেক পরীক্ষার সময় আবেদনকারীকে এই প্রবেশপত্রটি কর্তব্যরত পরিদর্শককে অবশ্যই প্রদর্শন করতে হবে।
- ০৩) প্রবেশপত্রে সংযুক্ত ছবির সঙ্গে আবেদনপত্রে দাখিলকৃত মূল ছবির মিল পাওয়া না গেলে প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে না।
- ০৪) লিখিত পরীক্ষায় কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করতে হবে।
- ০৫) ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময় ও স্থানে অন্তত ৩০ মিনিট পূর্বে রিপোর্ট করতে হবে।
- ০৬) পরীক্ষার হলে বই ব্যাগ, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোনো অনুরূপ ইলেকট্রনিক ডিভাইস বহন/ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
- ০৭) পরীক্ষার্থীকে আবশ্যিকভাবে কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।
- ০৮) আবেদনপত্র, হাজিরা শীট এবং উত্তর পত্রে একই একই স্বাক্ষর প্রদান করতে হবে।
- ০৯) শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় সনদসমূহের মূলকপি অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
- ১০) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (এলএটিসি) ওয়েবসাইট www.latc.gov.bd এ প্রকাশ করা হবে।
- ১১) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২) পরীক্ষার হলে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে বা অসদাচরণে লিপ্ত হলে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে বিধি অনুযায়ী যে কোনো ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।